



ফিসারিজ কোয়ারেন্টাইন অফিসারের কার্যালয় বেনাপোল স্থলবন্দর, শার্শা, যশোর।



রূপকল্প, অভিলক্ষ্য ও কার্যাবলী

রূপকল্প (Mission): আমদানিকৃত মৎস্য ও মৎস্যজাত দ্রব্যাদির মাধ্যমে দেশের অভ্যন্তরে রোগজীবাণুর অনুপ্রবেশ ও বিস্তাররোধ এবং মৎস্যস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা।

অভিলক্ষ্য (Vision): বাংলাদেশের বিদ্যমান আইন (মৎস্য সংগনিরোধ আইন ২০১৮) এবং আন্তর্জাতিক বিধি-বিধানের আলোকে বহিঃবাংলাদেশ থেকে আমদানিকৃত মৎস্য ও মৎস্যজাত দ্রব্যাদির মাধ্যমে দেশের অভ্যন্তরে রোগজীবাণুর অনুপ্রবেশ ও বিস্তাররোধ এবং মৎস্যস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা।

কার্যাবলী (Functions):

- অন্য দেশ হতে বাংলাদেশের অভ্যন্তরে মাছের রোগজীবাণুর অনুপ্রবেশ ও বিস্তাররোধকল্পে মৎস্য, মৎস্যপণ্য, মৎস্যখাদ্য ও খাদ্য উপাদান, মৎস্যচাষে ব্যবহৃত উপকরণ, উপকারী জীবাণু ও প্যাকিং দ্রব্যাদির আমদানি নিয়ন্ত্রণ করা।
- আন্তর্জাতিক পরিবহনে রয়েছে এমন মৎস্য, মৎস্যপণ্য, মৎস্যখাদ্য ও খাদ্য উপাদান, মৎস্যচাষে ব্যবহৃত উপকরণ, উপকারী জীবাণু ও প্যাকিং দ্রব্যাদির কন্সাইনমেন্ট যাত্রা ক্ষতিকারক রোগজীবাণুর বাহক হিসাবে ব্যবহৃত হতে পারে তাহা পরিদর্শন ও তত্ত্বাবধান করা।
- রোগজীবাণুর প্রাদুর্ভাব এবং বিস্তাররোধের লক্ষ্যে মৎস্য, মৎস্যপণ্য, মৎস্যখাদ্য ও খাদ্য উপাদান, মৎস্যচাষে ব্যবহৃত উপকরণ, উপকারী জীবাণু ও প্যাকিং দ্রব্যাদি পরিবহনের যান, গুদাম ও উহার অভ্যন্তরস্থ দ্রব্যাদি পরিদর্শন এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- মৎস্য, মৎস্যপণ্য, মৎস্যখাদ্য ও খাদ্য উপাদান, মৎস্যচাষে ব্যবহৃত উপকরণ, উপকারী জীবাণু ও প্যাকিং দ্রব্যাদির সংরক্ষণের স্থান অথবা পরিবহনযান রোগজীবাণুমুক্ত বা সংক্রামণমুক্ত করার নিমিত্ত শোষণ কার্যক্রম পরিচালনা করা।
- বাংলাদেশে বিদ্যমান মৎস্য সংগনিরোধ সম্পর্কিত রোগজীবাণুর উপর জরিপ, নজরদারী (Surveillance) ও মৎস্য সংগনিরোধ গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

বিশেষ দ্রষ্টব্যঃ মৎস্য সংগনিরোধ আইন ২০১৮ মোতাবেক “মৎস্য” বলতে সকল প্রকার মাছ, স্বাদু ও লবণাক্ত পানির চিংড়ি, উভচর জলজ প্রাণী, কচ্ছপ, কাছিম, কুমির, কাঁকড়া জাতীয় প্রাণী, শামুক বা ঝিনুক জাতীয় প্রাণী, একাইনোডার্মস জাতীয় প্রাণী, ব্যাঙ এবং উহাদের জীবন্তকোষ ও জীবনচক্রের যে কোন ধাপকে বোঝানো হয়েছে। এছাড়া মৎস্যপণ্য বলতে মৎস্য হতে উৎপন্ন পণ্য বা প্রক্রিয়াজাত বা উপজাত পণ্যকে বোঝানো হয়েছে।

মৎস্য অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ, মন্ত্রণালয়।